গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা সমবায় কর্মকর্তা, জেলা সমবায় কার্যালয়, নেত্রকোণা

এবং

যুগ্ম নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, ময়মনসিংহ-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৩ - জুন ৩০, ২০২৪

## সূচিপত্র


জেলা / সার্কেল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: জেলা / সার্কেল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: জেলা / সার্কেল অফিসের বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৩

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১৪

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৫

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ১৬

## জেলা / সার্কেল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the District/Circle Office)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

সমবায়কে উন্নয়নমুখী ও টেকসই করার জন্য সমবায় অধিদপ্তরের কাজের ধারাবাহিকতা রক্ষার পাশাপাশি ভবিষ্যৎ চ্যালেঞ্জ মোকাবেলার ভিত্তি প্রস্তুতের ক্ষেত্রে জেলা সমবায় কার্যালয়, নেত্রকোণা এর আওতাধীন উপজেলাসমূহ বিগত তিন বৎসরে উল্লেখযোগ্য সাফল্য অর্জন করে। বিগত তিন অর্থবছরে মোট ৭১৭ টি নতুন সমবায় সমিতি গঠন করা হয়েছে এবং ১৭৯২৫ জন নতুন সমবায়ীকে সদস্যভুক্ত করা হয়েছে। ২০১৯-২০২০ খ্রি. ৮০৯ টি , ২০২০-২০২১ খ্রি. সনে ৯৬০ টি, ২০২১-২০২২ খ্রি. সনে ৮৮৪ টি মোট ২৬৫৩ টি সমবায় সমিতির নিরীক্ষা সম্পন্ন করা হয়েছে। ৫০০ জন সমবায়ীকে ভ্রাম্যমাণ প্রশিক্ষণের মাধ্যেমে চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। আশ্রয়ন প্রকল্পে ক্রমপুঞ্জিভূত ঋণ বিতরণের পরিমাণ ১৫২৮৮২০০ টাকা এবং আদায়ের পরিমাণ ৯৭৮৬৬৬০ টাকা। গারো সম্প্রদায়ের জীবনযাত্রার মান উন্নয়ন প্রকল্পের মাধ্যমে কলমাকান্দা ও দুর্গাপুর উপজেলায় নিবন্ধত ২০ টি সমিতিতে ৮০০ জন গারো সম্প্রদায়ের সমবায়ীকে ৫২১৮০০০০ টাকা ক্রমপুঞ্জিভূত ঋণ প্রদান করা হয়েছে উক্ত ঋনের ইতিমধ্যে ৩৮৫২৫০০০ টাকা ক্রমপুঞ্জিভূত ঋণ আদায় করা হয়েছে। উক্ত প্রকল্পের সুবিধাভোগীদের চাহিদাভিত্তিক প্রশিক্ষণ ও ঋণ প্রদানের মাধ্যমে ৮০০ জনের স্ব-কর্মসংস্থানের ব্যবস্থা করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

উন্নয়নমুখী ও টেকসই সমবায় গঠনের মাধ্যমে নেত্রকোণা জেলার বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে নেত্রকোণা জেলা সমবায় কার্যালয়ের চ্যালেঞ্জ বহুবিধ। এ বিভাগে নিবন্ধিত সমবায় সংখ্যা ১৯০১ টি। নানা শ্রেণি ও পেশার সম্মিলনে তৈরী হওয়া বৈচিত্রময় কার্যক্রমে পূর্ণ এ বিপুল সমবায়কে নিয়মিত অডিট ও নিবিড়ভাবে মনিটরিং করা এবং সদস্যদেরকে দক্ষ ও আন্তরিক সমবায়ী হিসেবে গড়ে তোলা অন্যতম বড় চ্যালেঞ্জ। সমবায়ীগণের চাহিদা পূরণে প্রশিক্ষণ ও প্রযুক্তি সহায়তা প্রদান সময়ের অন্যতম দাবী। কিন্তু প্রয়োজনীয় জনবল, প্রয়োজনীয় যানবাহন ও পর্যাপ্ত অর্থ বরাদ্দ না থাকায় রুটিন কাজের মাধ্যমে এ সমস্যার সমাধান সম্ভব হচ্ছে না। তাছাড়া মাঠপর্যায়ে চাহিদা অনুযায়ী উন্নয়ন প্রকল্প না থাকায় সমবায়কে ব্যাপক ভিত্তিক উন্নয়নমুখী কার্যক্রমে সম্পৃক্ত করা যাচ্ছে না।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

উন্নত বাংলাদেশ গড়ার লক্ষে নিবন্ধিত সমবায়গুলোর কার্যক্রম পরিচালনায় সৃষ্ট অভিঘাত মোকাবেলায় প্রয়োজনীয় সহায়তা ও দিকনির্দেশনা প্রদান আগামী অর্থ বছরে এ দপ্তরের প্রধান লক্ষ্য। এছাড়াও সমবায় এর সংখ্যা যৌক্তিক পর্যায়ে নিয়ে আসার জন্য সম্ভাবনাহীন অকার্যকর সমবায়গুলোর সঠিকভাবে চিহ্নিত করে নিবন্ধন বাতিল ও অবসায়নে ন্যস্ত করা এবং অবসায়নে ন্যাস্ত সমবায় সমিতিগুলোর অবসায়ন দ্রুত নিস্পত্তি এবং সম্ভাবনাময় অকার্যকর সমবায়সমূহকে পূনকার্যকর করার পদক্ষেপ গ্রহণ করা হবে। এছাড়া সমবায়ের মাধ্যমে নৃ-তাত্বিক জনগোষ্ঠী, অনগ্রসর জনগোষ্ঠী ও মহিলাদের সরাসরি ও বিকল্প কর্মসংস্থান সৃষ্টি, সামাজিক ও আর্থিক বৈষম্য হ্রাস এবং জীবনযাত্রার মান উন্নয়নে ও ক্ষমতায়নের জন্য গৃহীত প্রকল্প/কর্মসূচি সকল বাস্তবায়নে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হবে।

**২০২৩-২৪ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ৪৬০ জনকে প্রাক নিবন্ধন প্রশিক্ষণ প্রদান করা হবে।
- সমবায় সংগঠনের মাধ্যমে ৩৮০ জন পুরুষ ও মহিলাকে আত্ম-কর্মসংস্থানে রূপান্তর করা হবে।
- ১৪ টি সমবায় মডেল সমবায়ে রুপান্তর করা হবে;
- ১০০% নিরীক্ষা ফি ও সমবায় উন্নয়ন তহবিল আদায় করা হবে;
- ১০০০ জন পুরুষ ও মহিলাকে চাহিদা ভিত্তিক ভ্রাম্যমাণ প্রশিক্ষণ প্রদান করা হবে;
- বার্ষিক নির্বাচনী ক্যালেন্ডার মোতাবেক ১০০% সমবায়ের নির্বাচন অনুষ্ঠান নিশ্চিত করা হবে;
- ৩২৫ টি সমবায় পরিদর্শন করা হবে।
- প্রমাপ অনুযায়ী জেলাধীন সকল কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করা হবে।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

জেলা সমবায় কর্মকর্তা, জেলা সমবায় কার্যালয়, নেত্রকোণা

এবং

যুগ্ম নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, ময়মনসিংহ-এর মধ্যে ২০২৩ সালের ................. মাসের ................. তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## জেলা / সার্কেল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

টেকসই সমবায়, টেকসই উন্নয়ন

### ১.২ অভিলক্ষ্য (Mission)

সমবায়ীদের সক্ষমতা বৃদ্ধি এবং উদ্যোক্তা সৃষ্টির মাধ্যমে কৃষি, অকৃষি, আর্থিক ও সেবা খাতে টেকসই সমবায় গড়ে তোলা।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ জেলা / সার্কেল অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র

১. উৎপাদন, আর্থিক ও সেবা খাতে সমবায় গঠন;

২. টেকসই সমবায় গঠনে কার্যক্রম গ্রহণ;

৩. সমবায় সংগঠনের সক্ষমতাবৃদ্ধি ও উদ্যোক্তা সৃজন;

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. সমবায় আদর্শে/দর্শনে উদ্বুদ্ধকরণ ও সমবায় গঠন;

২. নিরীক্ষা, পরিদর্শন ও তদারকির মাধ্যমে সমবায়গুলোতে সুশাসন প্রতিষ্ঠা করা;

৩. সমবায় অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারিদের উচ্চতর প্রশিক্ষণের সুযোগ সৃষ্টির মাধ্যমে পেশাগত দক্ষতা বৃদ্ধি করা;

৪. প্রশিক্ষণের মাধ্যমে সমবায়ীদের দক্ষতা বৃদ্ধি এবং উদ্যোক্তা সৃজনে সহায়তা করা;

৫. সমবায় নেটওয়ার্কিং জোরদার করার লক্ষ্যে সমবায় মূল্যবোধের প্রচার, প্রকাশনা, সেমিনার ও কর্মশালার আয়োজন এবং প্রাতিষ্ঠানিক স্বীকৃতি প্রদান;

৬. সমবায় সংগঠনের মাধ্যমে পুঁজি গঠন এবং বিনিয়োগের মাধ্যমে আত্ম-কর্মসংস্থান সৃষ্টি করা;

৭. গ্রামীণ মহিলা ও সাধারণ জনগোষ্ঠীর ক্ষমতায়ন ও আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে সমবায়ভিত্তিক প্রকল্প ও কর্মসূচীর বাস্তবায়ন;

৮. সমবায় পণ্য ব্রান্ডিং ও বাজার সংযোগ প্রতিষ্ঠায় সমবায়ীদের দক্ষতা উন্নয়নে সহায়তা করা;

৯. সমবায় অধিদপ্তরের অভিলক্ষ্য অর্জন ও কার্যাবলী বাস্তবায়নে প্রয়োজনীয় সহযোগিতা করা;

## সেকশন ২
## বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা ২০২৩-২৪ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৪-২০২৫ | ২০২৫-২০২৬ | | |
| আত্ন-কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে বেকারত্ব দূর করে আর্থ-সামাজিক উন্নয়ন | সমবায় সংগঠনের মাধ্যমে আত্ন-কর্মসম্পাদন সৃজিত (পুরুষ) | জন (লক্ষ) | ০.০০২৪০ | ০.০০২৫০ | ০.০০২৫০ | ০.০০২৬০ | ০.০০২৭০ | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, কৃষি মন্ত্রণালয়, এলজিইডি, বিআরডিবি ও কাল্ব | উপজেলা সমবায় কার্যালয় সমূহের মাসিক ও ত্রৈমাসিক রিটার্ন |
| | সমবায় সংগঠনের মাধ্যমে আত্ন-কর্মসম্পাদন সৃজিত (মহিলা) | জন (লক্ষ) | ০.০০০৮০ | ০.০০১৩০ | ০.০০১৩০ | ০.০০১৪০ | ০.০০১৫০ | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, কৃষি মন্ত্রণালয়, এলজিইডি, বিআরডিবি ও কাল্ব | উপজেলা সমবায় কার্যালয় সমূহের মাসিক ও ত্রৈমাসিক রিটার্ন |
| সমবায়ে সুশাসন প্রতিষ্ঠা করা | নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা ও ব্যবস্থা গ্রহণ এবং নিরীক্ষা সংশোধিত প্রস্তাব দাখিলকৃত | সংখ্যা | ৯৬০ | ৮৮৪ | ৮৯৮ | ৯১০ | ৯২০ | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, কৃষি মন্ত্রণালয়, এলজিইডি, বিআরডিবি ও কাল্ব। | উপজেলা সমবায় কার্যালয় সমূহের মাসিক ও ত্রৈমাসিক রিটার্ন |
| সমবায় বিভাগে কর্মরত কর্মচারীদের নির্ধারিত দায়িত্ব পালন নিশ্চিতকরণ | সমবায় সমিতির নির্বাচন/অন্তর্বর্তী কমিটি গঠিত | শতকরা | ৯০% | ৯০% | ৯০% | ৯০% | ৯০% | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কার্যালয় সমূহের মাসিক ও ত্রৈমাসিক রিটার্ন |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩
# কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] উৎপাদন, আর্থিক ও সেবা খাতে সমবায় গঠন; | ২৫ | [১.১] নিবন্ধন | [১.১.১] প্রাক নিবন্ধন প্রশিক্ষণের মাধ্যমে উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণার্থীর সংখ্যা | সমষ্টি | জন (লক্ষ) | ৮ | ০.০০৩০০ | ০.০০৬৭৮ | ০.০০৪৬০ | ০.০০৪১৪ | | | | ০.০০৪৮০ | ০.০০৫০০ |
| | | | [১.১.২] নিবন্ধন আবেদন নিষ্পত্তিকৃত | ক্রমপুঞ্জিভূত | % | ৮ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | | | | ১০০ | ১০০ |
| | | | [১.১.৩] আশ্রয়ন সমবায় সমিতি গঠিত | ক্রমপুঞ্জিভূত | % | ৩ | ০ | ০ | ১০০ | ৯০ | | | | ১০০ | ১০০ |
| | | [১.২] উৎপাদনমুখী খাতে সমবায়ীদের পুঁজি বিনিয়োগের মাধ্যমে আত্ম-কর্মসংস্থান | [১.২.১] সমবায় সংগঠনের মাধ্যমে আত্ম-কর্মসংস্থান সৃজিত (পুরুষ) | সমষ্টি | জন(লক্ষ) | ৩ | ০.০০২৪০ | ০.০০২৫০ | ০.০০২৫০ | ০.০০২২৫ | | | | ০.০০২৬০ | ০.০০২৭০ |
| | | | [১.২.২] সমবায় সংগঠনের মাধ্যমে আত্ম-কর্মসংস্থান সৃজিত (মহিলা) | সমষ্টি | জন(লক্ষ) | ৩ | ০.০০০৮০ | ০.০০১৩০ | ০.০০১৩০ | ০.০০১১৭ | | | | ০.০০১৪০ | ০.০০১৫০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [২] টেকসই সমবায় গঠনে কার্যক্রম গ্রহণ; | ২৩ | [২.১] তদারকী ও মানোন্নয়ন | [২.১.১] সমিতির বাৎসরিক নির্বাচনী ক্যালেন্ডার সংকলিত | তারিখ | তারিখ | ২ | ২৬.০৭.২১ | ২৬.০৭.২২ | ১৪.০৮.২৩ | ৩১.০৮.২৩ | | | | ১৪.০৮.২৩ | ১৪.০৮.২৩ |
| | | | [২.১.২] মডেল সমবায় সমিতি সৃজন | সমষ্টি | সংখ্যা | ২ | ১৩ | ১৪ | ১৪ | ১৩ | | | | ১৫ | ১৬ |
| | | | [২.১.৩] অকার্যকর সমবায় সমিতির হালনাগাদ তালিকা সংকলিত | তারিখ | তারিখ | ১ | ২৬.০৭.২১ | ২৬.০৭.২২ | ২৬.০৭.২৩ | ১৫.০৮.২৩ | | | | ২৫.০৭.২৪ | ২২.০৭.২৫ |
| | | [২.২] সমবায় সুশাসন প্রতিষ্ঠা | [২.২.১] কার্যকর সমবায় সমিতির নিরীক্ষা সম্পাদনের হার | ক্রমপুঞ্জিভূত | % | ৪ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | | | | ১০০ | ১০০ |
| | | | [২.২.২] সমবায় সমিতি পরিদর্শন সম্পাদিত | সমষ্টি | সংখ্যা | ২ | ১৪৪ | ৩২০ | ৩২৫ | ২৯২ | | | | ৩৩০ | ৩৪০ |
| | | | [২.২.৩] সমবায় সমিতির নির্বাচন/অন্তর্বর্তী কমিটি গঠিত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | ৯০ | ৯০ | ৯০ | ৮১ | | | | ৯০ | ৯০ |
| | | | [২.২.৪] কার্যকর সমিতির আর্থিক বিবরণী প্রাপ্তি নিশ্চিতকৃত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | ৫০ | ৫০ | ৫০ | ৪৫ | | | | ৫০ | ৫০ |
| | | | [২.২.৫] নিরীক্ষা সম্পাদিত সমিতির এজিএম আয়োজিত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | ৯০ | ৯০ | ৭০ | ৬৩ | | | | ৭০ | ৭০ |
| | | | [২.২.৬] এজিএম সম্পন্ন না হওয়া সমবায় সমিতির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গৃহীত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | ০ | ০ | ৯০ | ৮১ | | | | ৯০ | ৯০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [৩] সমবায় সংগঠনের সক্ষমতাবৃদ্ধি ও উদ্যোক্তা সৃজন; | ২২ | [৩.১] স্থানীয় চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ | [৩.১.১] ভ্রাম্যমাণ প্রশিক্ষণ অনুষ্ঠিত (পুরুষ/মহিলা) | সমষ্টি | জন | ৮ | ১১০০ | ১০০০ | ১০০০ | ৯০০ | | | | ১১০০ | ১২০০ |
| | | [৩.২] সমবায় ইনস্টিটিউটে চাহিদা অনুযায়ী প্রশিক্ষণার্থী প্রেরণ | [৩.২.১] প্রশিক্ষণার্থী প্রেরিত (পুরুষ/মহিলা) | ক্রমপুঞ্জিভূত | % | ৮ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | | | | ১০০ | ১০০ |
| | | [৩.৩] প্রাতিষ্ঠানিক স্বীকৃতি | [৩.৩.১] জাতীয় সমবায় পুরস্কারের জন্য মনোনয়ন প্রেরিত | ক্রমপুঞ্জিভূত | % | ৬ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | | | | ১০০ | ১০০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, জেলা সমবায় কর্মকর্তা, জেলা সমবায় কার্যালয়, নেত্রকোণা, যুগ্ম নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, ময়মনসিংহ-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, যুগ্ম নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, ময়মনসিংহ হিসাবে জেলা সমবায় কর্মকর্তা, জেলা সমবায় কার্যালয়, নেত্রকোণা-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| জেলা সমবায় কর্মকর্তা<br>জেলা সমবায় কার্যালয়, নেত্রকোণা | তারিখ |
| যুগ্ম নিবন্ধক<br>বিভাগীয় সমবায় কার্যালয়, ময়মনসিংহ | তারিখ |

# সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | আসই | আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট |
| ২ | এজিএম | বার্ষিক সাধারণ সভা |
| ৩ | এনআইডি | জাতীয় পরিচয়পত্র |
| ৪ | এসডিজি | টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা |
| ৫ | টিসিভি | টাইম, কস্ট, ভিজিট |
| ৬ | বিবিএস | বাংলাদেশ ব্যুরো অব স্টাটিস্টিক্স |
| ৭ | বিসিএ | বাংলাদেশ সমবায় একাডেমী |
| ৮ | সিআইজি | কমন ইন্টারেস্ট গ্রুপ |
| ৯ | সিডিএফ | সমবায় উন্নয়ন তহবিল |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] নিবন্ধন | [১.১.১] প্রাক নিবন্ধন প্রশিক্ষণের মাধ্যমে উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণার্থীর সংখ্যা | উপজেলা সমবায় কার্যালয় | সভায় উপস্থিতির স্বাক্ষর, ছবি, ব্যান্যার |
| | [১.১.২] নিবন্ধন আবেদন নিষ্পত্তিকৃত | উপজেলা ও জেলা সমবায় কার্যালয় | সমিতির নাম, নিবন্ধন নং ও তারিখ। |
| | [১.১.৩] আশ্রয়ন সমবায় সমিতি গঠিত | উপজেলা ও জেলা সমবায় কার্যালয় | সমিতির নাম, নিবন্ধন নং ও তারিখ। |
| [১.২] উৎপাদনমুখী খাতে সমবায়ীদের পুঁজি বিনিয়োগের মাধ্যমে আত্ন-কর্মসংস্থান | [১.২.১] সমবায় সংগঠনের মাধ্যমে আত্ম-কর্মসংস্থান সৃজিত (পুরুষ) | উপজেলা ও জেলা কার্যালয় | সমিতির নাম, স্বকর্মসংস্থানকৃত ব্যক্তির নাম সম্বলিত সমিতির প্রত্যয়ণপত্র |
| | [১.২.২] সমবায় সংগঠনের মাধ্যমে আত্ম-কর্মসংস্থান সৃজিত (মহিলা) | উপজেলা ও জেলা কার্যালয় | সমিতির নাম, স্বকর্মসংস্থানকৃত ব্যক্তির নাম সম্বলিত সমিতির প্রত্যয়ণপত্র |
| [২.১] তদারকী ও মানোন্নয়ন | [২.১.১] সমিতির বাৎসরিক নির্বাচনী ক্যালেন্ডার সংকলিত | উপজেলা, জেলা ও বিভাগীয় কার্যালয় | বাৎসরিক নির্বাচনী ক্যালেন্ডার সংরক্ষণ |
| | [২.১.২] মডেল সমবায় সমিতি সৃজন | উপজেলা, জেলা ও কার্যালয় | মডেল সমিতির নাম ঠিকানা ও নিবন্ধন নম্বর |
| | [২.১.৩] অকার্যকর সমবায় সমিতির হালনাগাদ তালিকা সংকলিত | উপজেলা, জেলা ও কার্যালয় | অকার্যকর সমিতির তালিকা সংরক্ষন |
| [২.২] সমবায় সুশাসন প্রতিষ্ঠা | [২.২.১] কার্যকর সমবায় সমিতির নিরীক্ষা সম্পাদনের হার | উপজেলা, জেলা ও বিভাগীয় কার্যালয় | মাসিক প্রতিবেদন/ রির্টাণ ও প্রাপ্ত অডিট নোট |
| | [২.২.২] সমবায় সমিতি পরিদর্শন সম্পাদিত | উপজেলা, জেলা ও কার্যালয় | সমবায়ের নাম, পরিদর্শনের তারিখ ও প্রাপ্ত প্রতিবেদন |
| | [২.২.৩] সমবায় সমিতির নির্বাচন/অন্তর্বর্তী কমিটি গঠিত | উপজেলা, জেলা ও বিভাগীয় কার্যালয় | সমবায়ের নাম, নির্বাচনের তারিখ/ অন্তর্বর্তী কমিটি গঠণের তারিখ ও স্মারক নং |
| [২.২] সমবায় সুশাসন প্রতিষ্ঠা | [২.২.৪] কার্যকর সমিতির আর্থিক বিবরণী প্রাপ্তি নিশ্চিতকৃত | উপজেলা, জেলা ও কার্যালয় | বার্ষিক আর্থিক বিবরনী প্রাপ্তির তারিখ সংরক্ষণ |
| | [২.২.৫] নিরীক্ষা সম্পাদিত সমিতির এজিএম আয়োজিত | উপজেলা, জেলা ও বিভাগীয় কার্যালয় | সমবায়ের নাম, এজিএম এর তারিখ ও রেজুলেশন সংরক্ষণ |
| | [২.২.৬] এজিএম সম্পন্ন না হওয়া সমবায় সমিতির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গৃহীত | উপজেলা, জেলা ও বিভাগীয় কার্যালয় | এজিএম না হওয়ার তারিখ ও ব্যবস্থা গ্রহণের পত্রাদি। |
| | [২.২.৭] কার্যকর সমিতির নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা ও ব্যবস্থা গৃহীত | উপজেলা, জেলা কার্যালয় | পর্যালোচনা প্রতিবেদন ও ব্যবস্থা গ্রহণের পত্রাদি |
| | [২.২.৮] নিরীক্ষা সংশোধনী প্রস্তাব দাখিলকৃত | উপজেলা,ও জেলা কার্যালয় | সংশোধণী প্রতিবেদন |
| [২.৩] রাজস্ব আদায় | [২.৩.১] নিরীক্ষা ফি আদায়কৃত | উপজেলা, জেলা ও বিভাগীয় কার্যালয় | সমবায়ের নাম, নীট লাভ, ধাযকৃত অডিট ফি ও আদায়কৃত অডিট ফি |
| | [২.৩.২] সমবায় উন্নয়ন তহবিল আদায়কৃত | উপজেলা, জেলা ও বিভাগীয় কার্যালয় | সমবায়ের নাম, নীট লাভ, ধাযকৃত সিডিএফ ও আদায়কৃত সিডিএফ |
| [৩.১] স্থানীয় চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ | [৩.১.১] ভ্রাম্যমাণ প্রশিক্ষণ অনুষ্ঠিত (পুরুষ/মহিলা) | উপজেলা ও জেলা কার্যালয় | ভ্রাম্যমান প্রশিক্ষণ অনুষ্ঠানের তারিখ ও উপস্থিতির তালিকা |
| [৩.২] সমবায় ইনস্টিটিউটে চাহিদা অনুযায়ী প্রশিক্ষণার্থী প্রেরণ | [৩.২.১] প্রশিক্ষণার্থী প্রেরিত (পুরুষ/মহিলা) | উপজেলা ও জেলা কার্যালয় | সমবায়ের নাম, প্রশিক্ষণার্থীর নাম, কোর্সের নাম ও তারিখ |
| [৩.৩] প্রাতিষ্ঠানিক স্বীকৃতি | [৩.৩.১] জাতীয় সমবায় পুরস্কারের জন্য মনোনয়ন প্রেরিত | উপজেলা ও জেলা ও বিভাগীয় কার্যালয় | সমবায় ও সমবায়ীর নাম, ক্যাটাগরীর নামসহ তালিকা |

# সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| সমবায় সুশাসন প্রতিষ্ঠা | কার্যকর সমবায় সমিতির নিরীক্ষা সম্পাদনের হার | স্থানীয় সরকার বিভাগ: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | ৩১শে মার্চের মধ্যে অডিট সম্পাদন |
| সমবায় সুশাসন প্রতিষ্ঠা | কার্যকর সমবায় সমিতির নিরীক্ষা সম্পাদনের হার | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | ৩১শে মার্চের মধ্যে অডিট সম্পাদন |
| সমবায় সুশাসন প্রতিষ্ঠা | কার্যকর সমবায় সমিতির নিরীক্ষা সম্পাদনের হার | প্রাণিসম্পদ অধিদপ্তর | ৩১শে মার্চের মধ্যে অডিট সম্পাদন |
| সমবায় সুশাসন প্রতিষ্ঠা | কার্যকর সমবায় সমিতির নিরীক্ষা সম্পাদনের হার | মৎস্য অধিদপ্তর | ৩১শে মার্চের মধ্যে অডিট সম্পাদন |
| সমবায় সুশাসন প্রতিষ্ঠা | কার্যকর সমবায় সমিতির নিরীক্ষা সম্পাদনের হার | কাল্ব | ৩১শে অক্টোবর মধ্যে অডিট সম্পাদন |
| সমবায় সুশাসন প্রতিষ্ঠা | কার্যকর সমবায় সমিতির নিরীক্ষা সম্পাদনের হার | বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) | ৩১শে মার্চের মধ্যে অডিট সম্পাদন |

## সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ